



তথ্যবিবরণী

নম্বর- ১৪৭

বিভাগীয় কর্মকর্তাদের সাথে রাজশাহী ক্যাথলিক সম্প্রদায়ের বড়দিনের শুভেচ্ছা বিনিময়

রাজশাহী; ৯ পৌষ (২৪ ডিসেম্বর):

রাজশাহী ক্যাথলিক সম্প্রদায়ের নেতৃবৃন্দ বিভাগীয় কর্মকর্তাদের সাথে বড়দিনের শুভেচ্ছা বিনিময় করেছেন। আজ (২৪ ডিসেম্বর) সকালে বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে এ শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠিত হয়। শুভেচ্ছা বিনিময়কালে ক্যাথলিক নেতৃবৃন্দ বিভাগীয় কমিশনারকে ফুলের তোড়া উপহার দেন।

বিভাগীয় কর্মকর্তাদের পক্ষ থেকে বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ খ্রিস্টান সম্প্রদায়ের মানুষদের উদ্দেশে শুভকামনা জানান।

অন্যদিকে রাজশাহী ক্যাথলিক ধর্মপ্রদেশের বিশপ জের্ভাস রোজারিও সকলকে বড়দিনের শুভেচ্ছা ও প্রীতি জানান। তিনি শুভেচ্ছা বক্তব্যে বলেন, আমি আমাদের ধর্মগুরু রাজশাহী অঞ্চলের বিশপের পক্ষ থেকে আপনাদেরকে বড়দিনের শুভেচ্ছা জানাচ্ছি। বিশ্বের ক্যাথলিক সম্প্রদায়ের সঙ্গে আমরা বাংলাদেশের অল্প কিছু খ্রিস্টান বড়দিনের খুশি সবার সঙ্গে ভাগাভাগি করছি। যিশু খ্রিস্টের পৃথিবীতে আগমন শান্তির বার্তা নিয়ে, পৃথিবীর সব মানুষ যেন শান্তিতে বসবাস করে, পারস্পরিক মিলন ও পারস্পরিক সৌহার্দ্য যেন মানুষের মধ্যে আরও বেশি বেড়ে যায়। মানুষের সার্বিক মুক্তির জন্য তিনি এসেছিলেন।

বড়দিন আমাদের খ্রিস্টান সম্প্রদায়ের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ উল্লেখ করে তিনি বলেন, এটা বড় আনন্দের দিন, আমরা আপনাদের এখানে এসেছি আমাদের শান্তির শুভেচ্ছা জানাতে। প্রভু যিশুর মর্তে আগমনের যে কারণ সেটা যেন আমরা কর্মের মাধ্যমে রূপদান করতে পারি।

এসময় তিনি বড়দিন উদযাপন উপলক্ষ্যে গৃহীত নিরাপত্তার ব্যবস্থার জন্য ক্যাথলিক সম্প্রদায়ের পক্ষ থেকে কৃতজ্ঞতা জানান।

পরে বিভাগীয় কমিশনার ক্যাথলিক নেতৃবৃন্দের সাথে বড়দিনের কেক কাটেন এবং তাঁদেরকে কেক খাইয়ে দেন।

বিভাগের আট জেলার জেলা প্রশাসক এবং বিভাগীয় সরকারি দপ্তরের দপ্তরপ্রধানগণ এসময় উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৫:৩০ ঘ.